

রাজারহাটে আড়াই হাজার ফুট কভার ড্রেনের কাজ শুরু

সংবাদদাতা, রাজারহাট: গ্রামীণ
রাজারহাটে প্রায় আড়াই হাজার ফুট
কভার ড্রেন তৈরির কাজ শুরু হয়েছে।
পাথরঘাটা গ্রাম পঞ্চায়েতে শুরু
হয়েছে এই কাজ।

পাথরঘাটা গ্রাম পঞ্চায়েত সূত্রে
কখবর, লক্ষ্মরহাট, কালিকাপুর,
পাথরঘাটা, কদমপুকুর এলাকার দ্র্যাব
দিয়ে নিকাশি নালা ঢাকার কাজ শুরু
হয়েছে। এর ফলে খোলা ড্রেনে
আবর্জনা ফেলা বন্ধ হবে। মশার
উপদ্রবও কমবে। পঞ্চায়েত
আধিকারিকদের বক্তব্য, লাগাতার
প্রচার সত্বেও গ্রামীণ এলাকার খোলা
ড্রেনে নোংরা-আবর্জনা ফেলেন
বাসিন্দারা। নিকাশি নালা সাক্ষর করতে
গিয়ে গ্রামীণ সম্পদ কর্মী

(ভিআরপি)-দের সমস্যার পড়তে
হয়। অনেক জায়গায় ড্রেন প্রায় অচল
হয়ে গিয়েছে। এবার ছোট আকারে
হলেও আধুনিক মানের কভার ড্রেন
তৈরি করছে পঞ্চায়েত। এতে নিকাশি
ব্যবস্থা মসৃণ থাকবে। পাশাপাশি
মশাবাহিত রোগ কমবে। এছাড়া
নিকাশি নালা জঞ্জালে ভরে গিয়ে কৃষ্টি
হলেই জল জমে যায়। নালা ঢাকা হলে
গেলে বর্ষার জল জমার দুর্ভোগও
কমবে। পঞ্চায়েতের এক আধিকারিক
বলেন, প্রথম ধাপে পঞ্চায়েতের চারটি
অঞ্চলে কভার ড্রেন তৈরির কাজ শুরু
হয়েছে। এই প্রকল্পের জন্য প্রায় ২২
লক্ষ টাকা বরাদ্দ হয়েছে। পরবর্তীকালে
দরপত্র ডেকে পঞ্চায়েতের ৩০টি
বুথেই এই প্রকল্পের কাজ শুরু হবে।